

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ দুশ্চিন্তা, মুসীবত, রোগ ও মৃত্যু রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-ক্লাহত্বানী

৩৬. শত্রু এবং শক্তিধর ব্যক্তির সাক্ষাতকালে দো'আ

126-(1) «اللَّهُمَّ إِنَّا نَجْعَلُكَ فِي نُحُورِهِم، وَنَعُوذُ بِكَ مِنْ شُرُورِهِمْ».

(আল্লা-হুম্মা ইন্না নাজ্'আলুকা ফী নুহূরিহিম ওয়া না'উযু বিকা মিন শুরুরিহিম)।

১২৬-(১) "হে আল্লাহ! আমরা আপনাকে তাদের গলদেশে রাখছি এবং তাদের অনিষ্ট থেকে আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি।"[1]

127-(2) «اللَّهُمَّ أَنْتَ عَضُدِي، وَأَنْتَ نَصِيرِي، بِكَ أَحُولُ وَبِكَ أَصُولُ، وَبِكَ أُقاتِلُ».

(আল্লহুম্মা আনতা 'আদুদী, ওয়া আনতা নাসীরী, বিকা আহূলু, ওয়া বিকা আসূলু, ওয়া বিকা উকা-তিলু)।

১২৭-(২) "হে আল্লাহ! আপনি আমার শক্তি এবং আপনি আমার সাহায্যকারী; আপনারই সাহায্যে আমি বিচরণ করি, আপনারই সাহায্যে আমি আক্রমন করি এবং আপনারই সাহায্যে আমি যুদ্ধ করি।"[2]

128-(3) «حَسْبُنا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ».

(হাসবুনাল্লা-হু ওয়া নি'মাল ওয়াকীল)।

১২৮-(৩) ''আল্লাহই আমাদের জন্য যথেষ্ট, আর তিনি কতই না উত্তম কর্মবিধায়ক''।[3]

ফুটনোট

- [1] আবু দাউদ ২/৮৯, নং ১৫৩৭; আর হাকেম হাদীসটিকে সহীহ বলেছেন এবং ইমাম যাহাবী একে সমর্থন করেছেন ২/১৪২।
- [2] আবূ দাউদ ৩/৪২, নং ২৬৩২; তিরমিয়ী ৫/৫৭২, নং ৩৫৮৪। আরও দেখুন, সহীহুত তিরমিয়ী, ৩/১৮৩।
- [3] বুখারী ৫/১৭২, নং ৪৫৬৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=952

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন